



বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

Bangladesh College of Physicians & Surgeons

BCPS

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৬/২৬৩২৪

তারিখঃ ০৩/০৫/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ যে সকল প্রশিক্ষণার্থী বিসিপিএস কর্তৃক স্বীকৃত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রতিষ্ঠান/ হাসপাতাল, সরকারি মেডিকেল কলেজ অথবা মেডিকেল বিশ্ববিদ্যালয় সমূহের বিভিন্ন বিভাগে জানুয়ারি ২০২৬ খ্রিঃ থেকে জুন ২০২৬ খ্রিঃ পর্যন্ত বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থী হিসেবে প্রশিক্ষণরত আছেন, তাঁদেরকে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক পারিতোষিক ভাতা প্রদান করা হবেঃ-

১. এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদের নিম্নোক্ত লিংকে পারিতোষিক ভাতা প্রাপ্তির জন্য আবেদন করতে হবেঃ-

ক্যাটাগরী-১ঃ জানুয়ারি ২০২৫ থেকে জানুয়ারি ২০২৬ সেশনে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ ৪টি বিষয় (মেডিসিন এন্ড এলাইড, সার্জারি এন্ড এলাইড, অবস এন্ড গাইনী এন্ড এলাইড এবং পেডিয়াট্রিক্স এন্ড এলাইড) বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে ই-লগবুক সিস্টেমে <https://eportal.bcps.edu.bd/login> লিংকে প্রবেশ করে পারিতোষিক ভাতা প্রাপ্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্র যাচাই বাছাইয়ের পরে বিসিপিএস কর্তৃক অনুমোদিত হলে পারিতোষিক বিল ফরম ডাউনলোড করতে পারবেন।

ক্যাটাগরী-২ঃ জানুয়ারি ২০২০ সেশন হতে জুলাই ২০২৪ সেশন পর্যন্ত সকল বিষয় জানুয়ারি ২০২৫ সেশন থেকে জানুয়ারি ২০২৬ সেশনে উত্তীর্ণ উপরোক্ত ৪টি বিষয় (মেডিসিন এন্ড এলাইড, সার্জারি এন্ড এলাইড, অবস এন্ড গাইনী এন্ড এলাইড এবং পেডিয়াট্রিক্স এন্ড এলাইড) ব্যতীত অন্যান্য সকল বিষয়ে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে <https://trainee-database.bcps.edu.bd/> লিংকে প্রবেশ করে অনলাইনে পারিতোষিক প্রাপ্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। (তবে উল্লেখ থাকে যে, যে সকল প্রশিক্ষণার্থী ইতোপূর্বে অনলাইনে পারিতোষিক আবেদন ফরম পূরণ করেননি, তাঁদেরকে অনলাইনে আবেদন ফরম পূরণপূর্বক পারিতোষিক ভাতার জন্য আবেদন করতে হবে)। আবেদনপত্র যাচাই বাছাইয়ের পর বিসিপিএস কর্তৃক অনুমোদিত হলে প্রশিক্ষণার্থীগণ পারিতোষিক ভাতার জন্য বিবেচিত হবেন।

ক্যাটাগরী-৩ঃ ২০১৯ বা তৎপূর্ববর্তী সময়ে এফসিপিএস ১ম পর্ব পাস করা প্রশিক্ষণার্থীদেরকে পারিতোষিক প্রদানের বিল (কপি সংযুক্ত-১) ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করতে হবে। তাঁদেরকে অনলাইনে ফরম পূরণ করতে হবে না। উল্লেখ্য যে, যাঁরা অবৈতনিক প্রশিক্ষণার্থী হিসেবে পারিতোষিক এর জন্য ইতোপূর্বে আবেদন করেননি, তাঁরা এ ভাতার আওতায় আসবেন না। আবেদনপত্র যাচাই বাছাইয়ের পর বিসিপিএস কর্তৃক অনুমোদিত হলে প্রশিক্ষণার্থীগণ পারিতোষিক ভাতার জন্য বিবেচিত হবেন।

২. ক্যাটাগরী-১/ ক্যাটাগরী-২/ ক্যাটাগরী-৩ এর প্রশিক্ষণার্থীদেরকে পূরণকৃত পারিতোষিক ভাতা প্রাপ্তির আবেদন ফরমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় কাগজপত্র (1. Attested Training Certificate/ Provisional Training Certificate (Original Copy) 2. Copy of FCPS Part-1 Congratulations Letter 3. Copy of FCPS Midterm Congratulations Letter / Failed Result (if applicable) 4. Copy of any page of the Personal bank MICR cheque / Bank Statement with printed Name & Routing Number and 5. Copy of NID/ Smart Card of the trainee) সহ নির্ধারিত সময়ের মধ্যে কলেজের আরটিএম বিভাগ, ব্লক-বি, ২য় তলায় অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

৩. যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণের বাইরে অন্য কোথাও কোন প্রকার চাকরি/ডিউটি/প্র্যাক্টিস করেন অথবা অন্য কোন উৎস হতে বেতন/ ভাতাদি গ্রহণ করেন, এই বিষয়টি প্রমাণিত হলে উক্ত পারিতোষিক ভাতার আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদনের সময়সীমাঃ ৫ মে ২০২৬ খ্রিঃ হতে ১৭ মে ২০২৬ খ্রিঃ পর্যন্ত।
পারিতোষিক ভাতা প্রাপ্তির ফরম সহ অন্যান্য অত্যাবশ্যকীয় কাগজপত্রের হার্ডকপি জমাদানের সর্বশেষ তারিখঃ ১৯ মে ২০২৬ খ্রিঃ।

বিঃদ্রঃ নির্ধারিত তারিখ সমাপ্তির পর পারিতোষিক ভাতার আবেদন ফরম জমা দেয়ার কোন সুযোগ থাকবেনা।

(অধ্যাপক মেজর জেনারেল (অবঃ) মোঃ আব্দুল আলী মিয়া)

সচিব (ভারপ্রাপ্ত), বিসিপিএস।

সংযুক্তিঃ

১। ২০১৯ বা তৎপূর্ববর্তী সময়ে এফসিপিএস ১ম পর্ব পাস করা বেসরকারি অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক ভাতা প্রাপ্তির ফরম।